শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

রূৎ - একটি প্রেমের গল্প

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest
Alastair P.
অভিযোজন: Lyn Doerksen
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

তুমি যদি তোমার ঠাকুরদা-ঠাকুমা, তাদের মা-বাবা এবং তোমার পরিবারে যতজন তোমার আগে এসেছে, তাদের সাথে দেখা করতে পারতে, তাহলে তুমি হয়েতা অবাক হয়ে যেতে যে, তারা কী ধরনের লোক ছিল। বাইবেলে যীশুর পূর্বপুরুষ ছিল একজন মোয়াবীয় নারী যে, প্রতিমা পূজা করত। তার নাম ছিল রূৎ।



ইস্রায়েলে রূতের গল্প শুরু হয়েছিল শিমশোনের সময়ের পরে, তখন ঈশ্বরের লোকেরা ঈশ্বরকে বিশ্বাস ও মান্য করত না। দেশেতে এক ভীষণ দুর্ভিক্ষ দেখা দেয়। তুমি কি জান, দুর্ভিক্ষ কি? ঐটা ঠিক। দুর্ভিক্ষ হল যখন কোনও শস্য, ফল জন্মায় না এবং জীবজন্তু, এমনকি মানুষও না খেতে পেয়ে মারা যায়।

3

ইলীমেলক নামে একজন লোক বেৎলেহেম ছেড়ে তার দুই পুত্রকে ও স্ত্রীকে নিয়ে খাদ্য সংগ্রহের জন্য বার হল। শেষে তিনি মোয়াবে পৌঁছালেন। সেই দেশে সমস্ত মানুষ প্রতিমা পূজা করত।

4

মোয়াবে ইলীমেলক ও তার পরিবারে ভালো দিন যাচ্ছিল না। তিনি মারা গেলেন। পরে তার দুই পুত্র মারা গেল। তার স্ত্রী নয়মী তার দুই পুত্রের স্ত্রী রূৎ ও অর্পাকে রেখে গেলেন। তার বৌমারা মোয়াব দেশের মহিলা ছিল।



5

নয়মী এখন বিধবা, তিনি শুনলেন যে, ঈশ্বর তাঁর লোকদের কাছে ফিরে এসেছেন ও তাদের খাবার দিচ্ছেন। তাই নয়মী তার মাতৃভূমিতে ফিরে যাওয়ার কথা চিন্তা করল। কিন্তু এই দুটি মেয়ে কী করবে? নয়মী তাদের উপদেশ দিল, তোমরা মোয়াব দেশে থেকে যাও এবং বিয়ে করে নাও।

6

অর্পা তার নিজের পরিবারে ফিরে গেল, কিন্তু রূৎ প্রত্যাখ্যান করল। তার পরিবর্তে রূৎ একটা সুন্দর কবিতা শোনাল, যাতে সে প্রতিজ্ঞা করল যে, সে তার শ্বাশুড়িকে ছাড়বে না।

7

নয়মী বেৎলেহেমে ফিরে আসায়, তার পুরানো বন্ধুরা খুব খুশি হয়েছিল। কিন্তু তিনি তাদের বললেন, তাকে "নয়মীর" (আনন্দ) পরিবর্তে "মারা" (তেতো) বলে ডাকতে। কারণ সর্বশক্তিমান তার সাথে বড়ো তিক্ত ব্যবহার করেছেন। রূৎকে বাদ দিলে, নয়মী খালি হাতে ফিরেছেন।

8



যদিও রুৎ মোয়াবের অন্যদের মতো প্রতিমা পূজা করত। কিন্তু সেখান থেকে ফিরে সে ইস্রায়েলের জীবন্ত ঈশ্বরের উপাসনা করতে শুরু করল। নয়মীর খাদ্যের জন্য রুৎ কঠিন পরিশ্রম করত। সে প্রতিদিন মাঠে গিয়ে শস্যগ্রাহীদের অনুসরণ করত ও তাদের পড়ে যাওয়া শস্য থেকে কুড়াত।

9



জমির মালিক বোয়স শুনল যে, রুৎ তার শ্বাশুড়ির প্রতি কত ভালো। তিনি যখন তার সাথে সাক্ষাৎ করলেন, তখন তিনি রুৎকে সাহায্য করার জন্য শস্য সংগ্রহকারীদের এক মুঠো শস্য ছেড়ে দেওয়ার আদেশ দিলেন। বোয়স রুৎকে পছন্দ করতে লাগল।

10

রুৎ যখন নয়মীকে বোয়সের দয়ার কথা বলল, তখন নয়মী ঈশ্বরের প্রশংসা করল। “সে আমাদের আত্মীয়, আমাদের গোষ্ঠীর একজন।”

11



সময় যত এগোতে লাগল, বোয়স রুৎকে বিয়ে করতে চাইল। কিন্তু এদিকে তার এক আত্মীয় রুৎকে পছন্দ করেছিল। এই লোকটি রূতের জমি চাইছিল, কিন্তু রুৎকে তার স্ত্রী হিসাবে নিতে চাইছিল না। আইন বলছে যে, একটি ছাড়া সে অন্যটিকে নিতে পারে না।

12

তখনকার দিনে লোকেরা চুক্তি সম্পাদন করতে হাত মিলাত না। বোয়স তার একটি চটি খুলে, চুক্তিস্বরূপ সেই লোকটিকে সবার সামনে দিল। ব্যবসায়িক চুক্তি সম্পূর্ণ হল। রুৎ, বোয়সের স্ত্রীরূপে গণ্য হল। সে ও নয়মী এখন বোয়সের পরিবারের আত্মীয় হল।



13

বোয়স ও রুৎ তার প্রথম সন্তানকে ওবেদ বলে ডাকল। তিনি ছিলেন ইস্রায়েলের বিখ্যাত রাজা দায়ূদের ঠাকুরদা।

14

কিন্তু আরও আশ্চর্যজনকভাবে, শিশু ওবেদ ছিল যীশু খ্রীস্টের পূর্বপুরুষ। যীশু দায়ূদের পরিবারের সীমারেখা ধরে রাজাদের রাজা ও জগতের মুক্তিদাতা হয়ে এসেছিলেন।



রূৎ - একটি প্রেমের গল্প

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

রূৎ

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

16 60

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬